

প্রথম আলো বাংলাদেশ

গ্যালাপের জরিপ

বাংলাদেশ সুখী দেশের তালিকায় নিচের সারিতে

প্রথম আলো ডেস্কআপডেট: ০২:৪৬, মার্চ ২২, ২০১৫ | প্রিন্ট সংস্করণ

যুদ্ধবিধ্বস্ত দেশ আফগানিস্তান ও বোম্বাতঙ্কের দেশ পাকিস্তানের মানুষ বাংলাদেশের মানুষের চেয়ে বেশি সুখী! জাতিসংঘ ঘোষিত আন্তর্জাতিক সুখ দিবস (২০ মার্চ) উপলক্ষে জনমত জরিপকারী আন্তর্জাতিক প্রতিষ্ঠান গ্যালাপ প্রকাশিত জরিপের ফল অন্তত সে কথাই বলছে। ওই জরিপে বাংলাদেশের স্কোর ৫৪। আর পাকিস্তান ও আফগানিস্তানের স্কোর যথাক্রমে ৫৭ ও ৫৫।

জরিপের স্কোর অনুযায়ী লাতিন আমেরিকার জনগণই পৃথিবীর মধ্যে সবচেয়ে সুখী। ইতিবাচক অভিজ্ঞতার সূচকে ১৪৩টি দেশ ও অঞ্চলের মধ্যে সর্বোচ্চ স্কোর করা ১০টি দেশই লাতিন আমেরিকার! সর্বোচ্চ স্কোর নিয়ে প্রথম স্থানে রয়েছে প্যারাগুয়ে (৮৯)।

এই জরিপে বাংলাদেশের স্কোর তৃতীয় সর্বনিম্ন। সবচেয়ে কম স্কোর করেছে উত্তর আফ্রিকার দেশ সুদান। তার স্কোর ৪৭। সুদানের ঠিক ওপরে স্থান পেয়েছে আরব বসন্তের সূতিকাগার হিসেবে পরিচিত দেশ তিউনিশিয়া। দেশটির স্কোর ৫২। তার ওপরেই বাংলাদেশের সঙ্গে যৌথভাবে অবস্থান তুরস্ক (৫৪) ও সার্বিয়ার (৫৪)।

প্রতিবেশী দেশগুলোর মধ্যে শ্রীলঙ্কা (৭৬), ভারত (৭০), মিয়ানমার ৬৮ ও নেপালের (৫৫) স্কোরও বাংলাদেশের চেয়ে বেশি। জরিপে যুক্তরাষ্ট্রের ৭৯, যুক্তরাজ্যের ৭৫, চীনের ৭৫, জাপানের ৬৬ ও রাশিয়ার স্কোর ৬৫ দেখানো হয়েছে।

গ্যালাপ গত বছর ১৪৩টি দেশ ও অঞ্চলের প্রতিটি থেকে ১৫ বছরের বেশি বয়সী এক হাজারের মতো ব্যক্তিকে নিয়ে এই জরিপ পরিচালনা করে। জরিপে অংশ নেওয়া ব্যক্তিদের কাউকে সরাসরি ও কাউকে টেলিফোনে পাঁচটি প্রশ্ন করা হয়ে। সেই প্রশ্নের বিপরীতে উত্তরের ভিত্তিতে বিভিন্ন দেশের স্কোর নির্ধারণ করা হয়। সূত্র: গ্যালাপের ওয়েবসাইট।